

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৮৬

১/ বিবিধ

আরবী

إن في الجنة مائة درجة، لو أن العالمين اجتمعوا في إحداهن لوسعتهم
ضعيف

أخرجه الترمذي (3 / 326) وأحمد (3 / 29) وابن عساكر (6 / 29 / 1) من طريق ابن لهيعة عن دراج عن أبي الهيثم عن أبي سعيد عن النبي صلى الله عليه وسلم قال: فذكره. وقال الترمذي مضعفاً: " حديث غريب ". قلت: وذلك لأن ابن لهيعة ودراجا ضعيفان، ونقل المناوي عنه في " شرحيه " أنه قال: " حسن صحيح "! وأقره، وهو خطأ مزدوج، فإنه مع منافاته لحال إسناده، مخالف لكل نسخ الترمذي التي وقفنا عليها، ومنها نسخة " تحفة الأحوزي " التي منها نقلت استغرابه، وهو كذلك في " المشكاة " (5633) واغتر بهذا الخطأ الغماري، فأورد الحديث في " كنزه " (992) ! وعزاه في " المرقاة " (5 / 294) لابن حبان من وجه آخر، وصححه! وهذا خطأ آخر

বাংলা

১৮৮৬। জান্নাতে একশতটি স্তর রয়েছে। সারা জাহানের সবাই যদি সেগুলোর একটিতে একত্রিত হত তাহলে তা তাদের জন্য যথেষ্ট হয়ে যেত।

হাদীসটি দুর্বল।

এটিকে তিরমিযী (৩/৩২৬), আহমাদ (৩/২৯) ও ইবনু আসাকির (৬/২৯/১) ইবনু লাহীয়াহ সূত্রে দাররাজ হতে,

তিনি আবু হাইসাম হতে, তিনি আবু সাঈদ খুদরী (রাঃ) হতে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ...।

হাদীসটিকে তিরমিযী দুর্বল আখ্যা দিয়ে বলেছেনঃ হাদীসটি গারীব।

আমি (আলবানী) বলছিঃ ইবনু লাহীয়াহ ও দাররাজ এরা উভয়েই দুর্বল। মানবী তার দুটি ব্যাখ্যা গ্রন্থে হাদীসটিকে তার (তিরমিযী) থেকে নকল করেছেন যে, তিনি বলেনঃ হাদীসটি হাসান সহীহ এবং তিনি তা স্বীকার করেছেন।

এটা ডবল ভুল। কারণ এর সনদের অবস্থার সাথে তার কথা সাংঘর্ষিক এবং তিরমিযীর যত কপি রয়েছে যেগুলো সম্পর্কে আমি অবগত হয়েছি সেগুলোরও বিরোধী। সেগুলোর মধ্যে একটি কপি হচ্ছে "তুহফাতুল আহওয়ালী"র কপি যেটা থেকে আমি উল্লেখ করেছি যে, তিনি বলেনঃ হাদীসটি গারীব। "মিশকাত" গ্রন্থেও (৫৬৩৩) এরূপই উল্লেখিত হয়েছে।

হাদীসটিকে গুমারী এ ভুলের দ্বারা ধোকায় পড়ে তার "কানয" গ্রন্থে (৯৯২) উল্লেখ করেছেন। আর তিনি "আলমিরকাত" গ্রন্থে (৫/২৯৪) ইবনু হিব্বানের উদ্ধৃতিতে অন্য সূত্রে উল্লেখ করে সহীহ আখ্যা দিয়েছেন। এটি আরেক ভুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72769>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন